**নাবালক/নাবালিকার নামে ব্যাঙ্ক এ্যাকাউন্ট খোলা**

আরবিআই/2013-14/581
ডিবিওডি.নং.লেগ.বিসি.108/09.07.005/2013-14

মে 6, 2014

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক বাদে)

প্রিয় মহাশয় / মহাশয়া,

**নাবালক/নাবালিকার নামে ব্যাঙ্ক এ্যাকাউন্ট খোলা**

অনুগ্রহ করে আমাদের ডিসেম্বর 29, 1976 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.লেগ.বিসি.158/সি90(এইচ)-76 দেখবেন, যেখানে ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে, মায়ের অভিভাবকত্বে নাবালক/নাবালিকা এ্যাকাউন্ট (স্থায়ী এবং সেভিংস আমানত এ্যাকাউন্ট) খোলা যাবে। তবে সেই ক্ষেত্রে সুরক্ষা হিসেবে সুনিশ্চিত করতে হবে যে অভিভাবকের অধীনে নাবালক/নাবালিকা এ্যাকাউন্টে লেনদেন করতে দিলেও যেন অতিরিক্ত টাকা তোলা না হয়ে থাকে এবং এ্যাকাউন্টে যেন জমার হিসেব অধিক থাকে। অধিকন্তু, আমাদের সেপ্টেম্বর 8, 1989 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.লেগ.বিসি.19/সি90(এইচ)-89 দেখবেন; সেখানে মায়ের অভিভাবকত্বে নাবালক/নাবালিকা এ্যাকাউন্ট খোলার অনুমতি দেওয়া হয়েছে এবং ত□সহ আবর্তক আমানত (রেকারিং ডিপোজিট)-এর সুবিধা দেওয়া হয়েছে।

2. তদুপরি, সকলকে আর্থিক পরিষেবায় সামিল করার লক্ষ্যে এবং নাবালক/নাবালিকা এ্যাকাউন্ট খোলা ও সেটি পরিচালনা করার ব্যাপারে সমস্ত ব্যাঙ্কগুলির মধ্যে সমতা আনার জন্য, ব্যাঙ্কগুলিকে নিম্নলিখিত নির্দেশ দেওয়া হচ্ছে।

ক. যে কোন বয়সের নাবালক/নাবালিকা তাদের প্রকৃত অভিভাবক বা আইন দ্বারা নিযুক্ত অভিভাবকের মাধ্যমে সেভিংস/স্থায়ী/আবর্তক ব্যাঙ্ক আমানত এ্যাকাউন্ট খুলতে পারে।
খ. যে সমস্ত নাবালক/নাবালিকার বয়স ১০ বছরের বেশি, তারা চাইলে স্বাধীনভাবে সেভিংস ব্যাঙ্ক এ্যাকাউন্ট খুলতে পারে এবং সেটি পরিচালন করতে পারে। ব্যাঙ্কগুলি অবশ্য তাদের ঝুঁকি নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রতি নজর রেখে, সেই অনুযায়ী নাবালক/নাবালিকাদের দ্বারা আমানত এ্যাকাউন্ট স্বাধীনভাবে পরিচালনার ক্ষেত্রে তাদের বয়ঃসীমা এবং টাকার পরিমাণের সীমা স্থির করতে পারে। তারা নিজেদের ইচ্ছা মতো ঠিক করবেন নাবালক/নাবালিকাদের এ্যাকাউন্ট খোলার জন্য ন্যূনতম কী কী নথি লাগবে।

গ. সাবালকত্ব প্রাপ্ত হলে পূর্বোক্ত নাবালক/নাবালিকা নিশ্চিত করে জানাবে তাদের এ্যাকাউন্টে কত টাকা আছে এবং যদি প্রকৃত/আইনি অভিভাবক সেই এ্যাকাউন্ট পরিচালনা করেন, সেই ক্ষেত্রে পূর্বোক্ত নাবালক/নাবালিকাকে নতুন করে এ্যাকাউন্ট পরিচালনা করার নির্দেশ এবং স্বাক্ষরের নমুনা দিতে হবে যেগুলি এ্যাকাউন্ট পরিচালনার জন্য নথিভুক্ত করা হবে।

3. ব্যাঙ্কগুলি অতিরিক্ত ব্যাঙ্কিং সুবিধাসমূহ যেমন ইন্টারনেট ব্যাঙ্কিং, এটিএম/ডেবিট কার্ড, চেকবই ইত্যাদি দিতে পারে তবে নাবালক/নাবালিকাদের ক্ষেত্রে যে সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে যেমন নাবালক/নাবালিকাদের এ্যাকাউন্টে অতিরিক্ত টাকা তোলা না হয়ে থাকে এবং এ্যাকাউন্টে সবসময় যেন জমার হিসেব অধিক থাকে সেগুলি পালন করতে হবে।

আপনার বিশ্বস্ত
মুখ্য মহাপ্রবন্ধক